গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান<br>যুগ্মসচিব (সিপি অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ১০ জানুয়ারি ২০২২ |
| সভার সময় | ২.৩০ ঘটিকা। |
| স্থান | যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৭, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি উদ্ভাবনী ধ্যান-ধারণা এবং কৌশল প্রয়োগের মাধ্যমে এ টিমকে কার্যকর করার বিষয়ে ভূমিকা রাখার জন্য সকল সদস্যের প্রতি আহ্বান জানান। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং এ মন্ত্রণালয়ের সেবা প্রদান কার্যক্রমের মানোন্নয়নের লক্ষ্যে উদ্ভাবনী কার্যক্রমকে জোরদার করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। ইনোভেশন টিমের সদস্য কর্মকর্তাগণের প্রত্যেকের উদ্ভাবনী মানসিকতা রয়েছে, বিধায় প্রত্যেক সদস্যকে নতুন নতুন ধারণা দিয়ে সহায়তা প্রদানের জন্য তিনি অনুরোধ করেন।

০২। সভাপতির অনুরোধক্রমে ইনোভেশন কমিটির সদস্য সচিব, সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **<u>ই-গভনের্ন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন:</u>**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভনের্ন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে মার্চ ২০২২-এর মধ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ হতে পত্র পদানের মাধ্যমে এবং এ মন্ত্রণালয়ে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত ধারণাসমূহ হতে তিনটি ধারণাকে বাস্তবায়নযোগ্য মর্মে চিহ্নিত করা হয়েছে। উদ্ভাবনী ধারণাসমূহ নিম্নরূপ:<br>১. বিসিএস প্রশাসন ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের উচ্চশিক্ষা (দেশে/বিদেশে) গ্রহণ সংক্রান্ত গতিশীল অনলাইন ডাটাবেইজ প্রণয়ন;<br>২.বিভাগীয় নিয়োগের ক্ষেত্রে কোটার প্রাপ্যতা নির্ধারণী ক্যালকুলেটর প্রণয়ন; এবং<br>৩. এসিআর সংক্রান্তসর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্নসমূহের উত্তর সংক্রান্ত অ্যাপ্লিকেশন প্রণয়ন। | (ক) তিনটি ধারণা বাস্তবায়নের লক্ষ্যে সফট্ওয়্যার নির্মাণের বিষয়ে পিএসিসি এবং প্রস্তাব-সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করতে হবে।<br>(খ) তিন নম্বর ক্রমিকে বর্ণিত ধারণাটি বাস্তবায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখা হতে সচরাচর জিজ্ঞাসিত বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংক্রান্ত প্রশ্ন ও সম্ভাব্য উত্তর সংগ্রহ করতে হবে। | সিপি-৩ শাখা ও সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০২ | **<u>বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং বা উদ্ভাবনী মেলা আয়োজন</u>**<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় ইনোভেশন | | |

| | | | |
|---|---|---|---|
| | সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে 'বিভাগীয় পর্যায়ে নিয়মিত ও যথাযথভাবে উদ্ভাবনী মেলা বা ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করতে হবে। ইনোভেশন পাইলটিং এর জন্য সভা করতে হবে। ইনোভেশন এবং ইনিশিয়েটিভ পৃথক করে পাইলটিং করতে হবে'। উক্ত সভায় আকর্ষণীয় ইনোভেশন পাইলটিং করার নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং উদ্ভাবনী কার্যক্রমের পাইলটিং-এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। মন্ত্রণালয়ের উদ্ভাবনী তহবিলের বরাদ্দের মাধ্যমে পূর্বের ন্যায় বিভাগীয় পর্যায়ে সকল দপ্তরসমূহ নিয়ে দুই দিন ব্যাপী উদ্ভাবনী মেলার আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। জানুয়ারি ২০২২-এর মধ্যে মেলার আয়োজন এবং ফেব্রুয়ারি মাসের ২য় সপ্তাহের মধ্যে বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগের তালিকা সংগ্রহ করা যেতে পারে। উদ্ভাবনী মেলা হতে প্রাপ্ত তালিকা হতে আকর্ষণীয় উদ্যোগসমূহ পাইলটিং করা যাবে। | মন্ত্রণালয়ের উদ্ভাবনী তহবিলের বরাদ্দের মাধ্যমে বিভাগীয় পর্যায়ে সকল দপ্তরসমূহ নিয়ে দুইদিন ব্যাপী উদ্ভাবনী মেলার আয়োজন করতে হবে। সকল বিভাগ হতে মেলার মাধ্যমে বাছাইকৃত আকর্ষণীয় উদ্যোগসমূহ তালিকা সংগ্রহ করতে হবে। মেলা আয়োজন সংক্রান্ত একটি নির্দেশিকা প্রণয়ন করে বরাদ্দপত্রের সঙ্গে বিভাগসমূহে প্রেরণ করতে হবে। | সিপি-৩ শাখা |
| ০৩ | <u>সেবা সহজীকরণ</u><br>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২-এর কর্মসম্পাদন সূচক অনুসারে একটি সেবা আগামী ২৫/০২/২০২২ তারিখের মধ্যে সহজিকৃত করতে হবে। কোন সেবাটি সহকীকৃত করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রশাসন ও সওব্য অনুবিভাগে বাস্তবায়নাধীন নিম্নরূপ দুইটি সেবা সহজীকরণের তথ্য সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) সচিবালয়ের ১০ম গ্রেডের কর্মকতাদের বর্তমান এসিআর ফর্ম সহজীকরণের কার্যক্রম; এবং<br>খ) সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার প্রস্তাব প্রেরণের চেকলিস্ট সংক্ষিপ্তকরণ ও সেবা প্রদানের ধাপসমুহ কমানোর কার্যক্রম। | উল্লিখিত দুইটি সেবা সহজীকরণ কার্যক্রম ২৫/০২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগসমূহকে অনুরোধ করা যেতে পারে। সহজীকরণের কার্যক্রম সম্পন্ন হলে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | সিপি-৩ শাখা |
| ০৪ | <u>বিবিধ</u><br>সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের উদ্ভাবনী কার্যক্রমের তথ্য সংগ্রহ সর্ম্পকে আলোচনা হয়। বিজি প্রেসে বাস্তবায়িত স্টোর ব্যবস্থাপনা সংক্রান্ত একটি উদ্ভাবনী ধারণা উপস্থাপনের বিষয়ে উক্ত দপ্তর আগ্রহ ব্যক্ত করেছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বেশ কিছু উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করেছে যা অন্যান্য দপ্তর/সংস্থার জন্য সহায়ক হতে পারে। এ দু'টি সংস্থার উদ্ভাবনী কার্যক্রমের ওপর একটি উপস্থাপনা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের উপস্থিতিতে বিজি প্রেস ও সরকারি কর্মচারী কল্যাণ বোর্ডের উদ্ভাবনী কার্যক্রম ওপর উপস্থাপনা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিপি-৩ শাখা |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৬/০১/২০২১
ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিপি অধিশাখা)
ও চীফ ইনোভেশন অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়।

০২ মাঘ ১৪২৮

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৪.২১-০৫ তারিখ:-------------------------

১৬ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়(অতিরিক্ত (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।)

১৬/০১/২০২২

আহমেদ কামরুল হাসান
উপসচিব

E:\Others\Meeting Folder\কার্যবিবরণী.docx